

মার্কেটাইল ব্যাংক লিমিটেড

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
প্রধান কার্যালয়, ঢাকা।

ইস্ট্রাকশন সার্কুলারঃ ১৫৫৫/২০১৫

তারিখঃ অক্টোবর ২৬, ২০১৫ ইং

সকল শাখা প্রধান
সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়
জোনাল অফিস, চট্টগ্রাম
প্রিন্সিপাল, ট্রেনিং ইনস্টিটিউট
মার্কেটাইল ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগে অনুষ্ঠিত সাপ্তাহিক সভায় শুদ্ধাচার চর্চার বিষয় অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশকে “সোনার বাংলা” গড়ার প্রত্যয়ে সকল স্তরে শুদ্ধাচার চর্চার অংশ হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নেয়া পদক্ষেপের সাথে ব্যাংকিং সেক্টরও একাত্মতা প্রকাশ করেছে।


বিষয়টির সফল বাস্তবায়নের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে সকল ব্যাংকের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থিতিতে ত্রৈমাসিক ভিত্তিতে একটি পর্যালোচনা সভা বাংলাদেশ ব্যাংকের কনফারেন্স রুমে নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়ে থাকে।

বিগত ত্রৈমাসিক গুলিতে অনুষ্ঠিত সভাসমূহের সিদ্ধান্ত মোতাবেক নৈতিকতা ও শুদ্ধাচার চর্চার বিষয়টি মার্কেটাইল ব্যাংকের সকল স্তরে চর্চার লক্ষ্যে ১৫ জুন, ২০১৫ তারিখের নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১৪৮৭ মোতাবেক শাখা সমূহে চলমান সাপ্তাহিক আলোচনা সভায় অন্যান্য বিষয়ের পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা করা এবং উহা যথাযথভাবে পরিপালনের জন্য সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।


১. নৈতিকতা ও সততার মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা;
২. কর্তব্য নিষ্ঠা ও চারিত্রিক দৃঢ়তা বজায় রেখে ব্যাংকিং সেবা প্রদান করা;
৩. দূর্নীতি নির্মূল ও শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে একে অপরের সঙ্গে সমন্বিতভাবে কাজ করা;
৪. রাষ্ট্রীয় আইন কানুন ও ব্যাংকিং নিয়ম-নীতি পরিপালনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা;
৫. লোকবলের দক্ষতার উন্নয়ন এবং তাদের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে ব্যাংকিংয়ে কার্যকারিতা বৃদ্ধির জন্য সকলকে উদ্বুদ্ধ করা;
৬. কর্মক্ষেত্রে মার্কেটাইল ব্যাংক প্রকৃতপক্ষে শুদ্ধাচার চর্চা করছে-এ বিষয়টি গ্রাহকদের মধ্যে প্রচারের উদ্যোগ গ্রহণ করা;
৭. বাংলাদেশ ব্যাংক বা অন্য কোন বহিঃ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখা পরিদর্শনকালে শাখার সকলে শুদ্ধাচার চর্চার বিষয়টি অবহিত আছেন মর্মে নিশ্চিত করা।

উল্লেখ্য, প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ সমূহে বিভাগীয় প্রধানের নেতৃত্বে অনুষ্ঠিতব্য সভাসমূহে উপরোক্ত বিষয়গুলি আলোকপাত করার জন্যও সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,



মোঃ কামরুল ইসলাম চৌধুরী
ডিএমডি ও সভাপতি, নৈতিকতা কমিটি



এম. এহসানুল হক
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও